

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৫.১৭. ৫১৬

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৪
১৫ সেপ্টেম্বর ২০১৭

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: আবুল খায়ের ভূঁইয়া, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২.০৪.২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত করা হলে এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন "চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব
২৪.০৯.২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: আবুল খায়ের ভূঁইয়া

সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: আবুল খায়ের ভূঁইয়া

গ্রাম-শ্রীপুর ডাকঘর: শ্রীপুর

থানা-ব্রাহ্মণবাড়িয়া সদর, জেলা-ব্রাহ্মণবাড়িয়া।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মো: আবুল খায়ের ভূঁইয়া, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা এর অধীনে ১২.০৪.২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ প্রমাণ হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকুরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মো: আবুল খায়ের ভূঁইয়া, সহকারি অধ্যাপক (উদ্ভিদবিজ্ঞান), ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

সোহরাব

০৪.০৯.২০১৭

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব